পৃষ্ঠা ১ কলাম ৬

# ঢাবি সাত অনুষদের ডিন নির্বাচনে সাদা দল ছ'টিতে জয়ী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাতটি অনুষদের ডিন নির্বাচনে বিএনপি-জামায়াত জোট সরকার সমর্থক সাদা দল ছ'টিতে জয়লাভ করেছে। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী আওয়ামী লীগ সমর্থক নীল

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## ঢাবি সাত অনুষদের *(প্রথম পাতার পর)*

দল একটিতে জয়লাভ করেছে। দল নিরপেক্ষতার দাবিদার গোলাপী প্যানেল থেকে দু'টি অনুষদে প্রার্থী দেয়া হলেও তারা কোন অনুষদে জিততে পারেনি। বিভিন্ন অনুষদে বিজয়ীরা হচ্ছেন কলা অনুষদে নীল দল মনোনীত প্রার্থী অধ্যাপক কাজী শহীদুল্লাহ। বাকি ছ'টি অনুষদে বিজয়ী সাদা দলের বিজয়ী প্রার্থীরা হচ্ছেন-বিজ্ঞান অনুষদে অধ্যাপক আ.ফ.ম. ইউসুফ হায়দার, আইন অনুষদে ড. (মিসেস) তাসলিমা মনসুর, সামাজিক বিজ্ঞান অনুষদে অধ্যাপক মোঃ আসাদুজ্জামান, বিজনেস স্টাডিজ অনুষদে অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদ, জীববিজ্ঞান অনুষদে ড. মোঃ আবুল বাশার, ফার্মেসী অনুষদে অধ্যাপক চেওধুরী মাহমুদ হাসান। সবচেয়ে কম ভোটের ব্যবধানে জয়-পরাজয় নির্ধারিত হয়েছে আইন অনুষদে। এই অনুষদে নীল দলের প্রার্থী অধ্যাপক মিজানুর রহমান এক ভোটের ব্যবধানে বিজিত হন। রবিবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সকাল ন'টা থেকে বেলা দেড়টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান নির্বাচন পরিচালনা করেন।